

(প্রেস বিজ্ঞপ্তি)

২৯ এপ্রিল ২০২৪খ্রি.

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত
রাস্তায় গাড়ি পার্কিং করায় দুই প্রতিষ্ঠানকে ৪০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহরীন ফেরদৌসী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট মনিষা মহাজন আজ সোমবার দুপুরে যৌথভাবে নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। ভ্রাম্যমান আদালত নগরীর স্টেশন রোড, নিউ মার্কেট, জুবলী রোড এবং তিন পুলের মাথা পর্যন্ত নালা ও ফুটপাথ দখল করে অবৈধভাবে গড়ে উঠা স্থাপনা স্থাপনা, দোকান উচ্ছেদ করেন। এ সময় স্টেশন রোডস্থ হোটেল গোল্ডেন ইন ও এশিয়ান এস আর এর গাড়ি সিটি কর্পোরেশনের রাস্তায় পার্কিং করার অপরাধে প্রতিষ্ঠান দুটিকে ২০ হাজার টাকা করে মোট ৪০ হাজার টাকা জরিমানা করেন। অভিযান চলাকালীন সময় সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮